

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির গণবিজ্ঞপ্তি প্রকাশ

ইবি প্রতিনিধি

৬ ফেব্রুয়ারি ২০২৩ ০৯:৩৮ পিএম | আপডেট: ৬ ফেব্রুয়ারি  
২০২৩ ০৯:৩৮ পিএম

20  
Shares



ইসলামী বিশ্ববিদ্যালয়। পুরোনো ছবি

advertisement

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ২০২১-২২ শিক্ষাবর্ষ সম্মান প্রথম বর্ষের চূড়ান্ত ভর্তি শেষে এখনো ৪৬২টি আসন খালি রয়েছে। আসন পূরণের লক্ষ্যে এবার গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন। আজ সোমবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (iu.ac.bd) এই গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, চূড়ান্ত ভর্তির পর তিন ইউনিটে এখনো ৪৮১টি আসন খালি রয়েছে। এর মধ্যে এ ইউনিটে ৩৫৪টি, বি ইউনিটে ৮১টি এবং সি ইউনিটে ৪৬ আসন খালি আছে।

advertisement

এসব শূন্য আসনে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে ইবি প্রশাসন। এরমধ্যে এ ইউনিটে মেধাক্রম ১৫৫৭ থেকে ৯১৭৫ পর্যন্ত, বি ইউনিটে ২৬৩ থেকে ৩৫০০ পর্যন্ত এবং সি ইউনিটে ৫৮৬ থেকে ২০০০ পর্যন্ত শিক্ষার্থীরা যারা বিভাগ পায়নি তাদের ৮ ও ৯ ফেব্রুয়ারি অফিস চলাকালীন সময়ে উপস্থিত হয়ে ভর্তির আগ্রহ জানাতে হবে।

advertisement 4

উপস্থিত শিক্ষার্থীদের মধ্যে বিষয় বরাদ্দ দিয়ে ১০ ফেব্রুয়ারি ১১তম তালিকা প্রকাশ করা হবে। তালিকায় থাকা শিক্ষার্থীদের ১২ ফেব্রুয়ারি ভর্তির কার্যক্রম শেষ করতে হবে।

এরপরও আসন খালি থাকলে আগামী ১৩ ও ১৫ ফেব্রুয়ারি উপস্থিত শিক্ষার্থীদের থেকে মেধাক্রম অনুযায়ী ভর্তির জন্য মনোনয়ন দেওয়া হবে। ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীরা ১৪ ও ১৬ ফেব্রুয়ারি ভর্তির কার্যক্রম সম্পন্ন করবে।

এছাড়াও গত ১৫ ও ১৬ জানুয়ারি ভর্তির জন্য আগ্রহ প্রকাশকারীদের মধ্যে থেকে যদি কেউ বিষয় বরাদ্দ না পেয়ে থাকে তাহলে তাদেরও উপস্থিত হয়ে ভর্তির আগ্রহ জানিয়ে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে বলা হয়েছে।

উল্লেখ্য গত ২৯ জানুয়ারি থেকে ১ ফেব্রুয়ারি চূড়ান্ত ভর্তি সম্পন্ন হয়। এ বছর শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে এখন পর্যন্ত ১০টি মেধাতালিকা প্রকাশ করেছে ইবি প্রশাসন।

